



ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: (ইউসিবি)

রাজবাড়ী শাখা, রাজবাড়ী

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থক্সন আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, রাজবাড়ী শাখা, রাজবাড়ী এর ঋনগ্রহীতা মেসার্স আজগর ইয়ার্ন টুইস্টিং মিলস্, প্রোপাইটার- মো: আজগর আলী, পিতা- মৃত আবদুল হাকিম, মাতা- মৃত হাজেরা বেগম, ঠিকানা: সাং-গৌরীপুর, গোয়ালন্দ মোড়, রাজবাড়ী, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋনগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋন পরিশোধ না করায় বিগত ২০/০৪/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋন বাবদ ব্যাংকের পাওনা মোট ৩৭,৯৬,৪৬৯.১২ (সাইত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত ঊনসত্তর টাকা বারো পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা- রাজবাড়ী, থানা: রাজবাড়ী, জে.এল নং- ৭৯, মৌজা -গৌরীপুর, এস.এ. খতিয়ান নং- ৪৪,৭২৭,৭৬৩, বি.এস. বুঝরাত খতিয়ান নং- ১১০৬, ১০১৫, ২৬৩,ডিপি-২৪০,৩১৯, প্রস্তাবিত খতিয়ান নং-৭৬৩/৩, আর.এস. ও এস.এ. দাগ নং- ৭০৫,৭২৬,২১০,২১১, বি.এস. দাগ নং- ১৪২৪,১৪২৫,১৪২৮,১২১২,৩৬৪, ৩৬৯, মোট জমির পরিমাণ - ১১২.৯৬ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- জনাব সায়াদ আলীর জমি, দক্ষিণে- জনাব জাহের মোল্লার জমি, পূর্বে- জনাব রুস্তম খানের জমি ও পশ্চিমে জনাব জাহের মোল্লার জমি।
- ২। জেলা- রাজবাড়ী, থানা: রাজবাড়ী, জে.এল নং- ৭৮ নং, মৌজা- বড় নুরপুর এস.এ. খতিয়ান নং- ৭৯৬, বি.এস. বুঝরাত খতিয়ান নং- ২৫৩৬, প্রস্তাবিত খতিয়ান নং-৭৮৪/১, আর.এস. ও এস.এ. দাগ নং- ২৫৩৭, বি.এস. দাগ নং- ৩৫৪৭, মোট জমির পরিমাণ - ৫২.১৫ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- জনাব হাবিবুর রহমানের জমি, দক্ষিণে- মাকন কুন্ডের জমি, পূর্বে- জনাব সেকেন্দার দেওয়ানের জমি ও পশ্চিমে জনাব আজিজ মোল্লার জমি।
- ৩। জেলা- রাজবাড়ী, থানা: রাজবাড়ী, জে.এল নং- ৭৯ নং, মৌজা- গৌরীপুর, এস.এ. খতিয়ান নং- ৪৪,৪০,৭২৭,৭৬৩, বি.এস. বুঝরাত খতিয়ান নং- ১১০৬, ২৬৩, (ডিপি)-২৪০,৩১৯, প্রস্তাবিত খতিয়ান নং-৭৬৩/২/১, আর.এস. ও এস.এ. দাগ নং- ৭০৫,৭০৬,৭২৬,২১০,২১১, বি.এস. দাগ নং- ১২১২,১৪২৪,১৪২৫,১৪২৮,৩৬৪, ৩৬৯, মোট জমির পরিমাণ - ৮২.২৮ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- জনাব জাহের মোল্লার জমি, দক্ষিণে- জনাব জাহের মোল্লার জমি, পূর্বে- জনাব জাহের মোল্লার জমি ও পশ্চিমে জনাব মনসুর মোল্লার জমি।
- ৪। জেলা- রাজবাড়ী, থানা: রাজবাড়ী, জে.এল নং - ৭৮, মৌজা- বড় নুরপুর, এস.এ. খতিয়ান নং- ৭৮৪, বি.এস. বুঝরাত খতিয়ান নং- ২৫৪৩, প্রস্তাবিত খতিয়ান নং-৭৮৪/১/১, আর.এস. ও এস.এ. দাগ নং- ২৫৫১, বি.এস. দাগ নং- ৩৫৭৪, মোট জমির পরিমাণ ১৬.৫০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- জনাব মো: জলিলের জমি, দক্ষিণে- জনাব মো: বাদশার জমি, পূর্বে- জনাব সিরাজ মোল্লার জমি ও পশ্চিমে জনাব মাইনউদ্দিনের জমি।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ১৭/০৫/২০১৫ ইং তারিখের বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, রাজবাড়ী শাখা, রাজবাড়ী এ রক্ষিত বক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দও এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, রাজবাড়ী শাখা, রাজবাড়ী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতা তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: রাজবাড়ী শাখা, রাজবাড়ী